বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬

সহায়তার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন:
contact@worldcpday.org

সোশ্যালে আমাদের অনুসরণ করুন:
@worldcpday

# সেরিব্রাল পোলজি তথ্যপত্র

## সেরিব্রাল পোলজি কী?

সেরিব্রাল পোলজি হলো একটি ব্যাপক পরিসরের শব্দ, যা স্থায়ী চলাচল ও অঙ্গবিন্যাসের সমস্যা বোঝাতে ব্যবহার করা হয়, যা বিকাশমান মস্তিষ্কের ক্ষতির কারণে হয়ে থাকে। সূক্ষ্মভাবে বিচার করলে সেরিব্রাল পোলজি অগ্রগতিশীল নয়, তবে ব্যক্তির এই অবস্থার অভিজ্ঞতা সময়ের সঙ্গে পরিবর্তিত হতে পারে। তীব্রতার মাত্রা এবং মোটরের ধরনের দিক থেকে সেরিব্রাল পোলজি ভিন্ন হতে পারে — যেমন স্প্যাস্টিক, ডিসকাইনেটিক এবং আট্যাক্সিক। সেরিব্রাল পোলজির সঙ্গে প্রায়শই ব্যথা, ক্লান্তি এবং অন্যান্য স্বাস্থ্যগত জটিলতা থাকে, যা পরিস্থিতিকে আরও জটিল করে তোলে এবং তা জীবনমানকে হ্রাস করতে পারে। সিপি'র কারণ সবসময় পুরোপুরি বোঝা না গেলেও ঝুঁকির মধ্যে রয়েছে গর্ভাবস্থায় বা জন্মের সময় জটিলতা, নির্ধারিত সময়ের আগে জন্ম, সংক্রমণ এবং কিছু ক্ষেত্রে জীবনের প্রথম দুই বছরের মধ্যে মস্তিষ্কের আঘাত।

*উৎস: ROSENBAUM, 2007

- সেরিব্রাল পোলজি হলো বিশ্বব্যাপী সর্বোচ্চ দৃশ্যমান আজীবন শারীরিক অক্ষমতা।

  *উৎস: PETERSON 2024

- গর্ভাবস্থায়, জন্মের সময়, অথবা জীবনের প্রথম দুই বছরে মস্তিষ্কের ক্ষতির কারণে সেরিব্রাল পোলজি হয়ে থাকে।
- সেরিব্রাল পোলজি মূলত নড়াচড়া, ভঙ্গি এবং সমন্বয়কে প্রভাবিত করে। তবে, এটি মৃগীরোগ, বিভিন্ন আচরণগত ব্যাধি এবং বুদ্ধিবৃত্তিক অক্ষমতার মতো গৌণ অবস্থার সাথেও সম্পর্কিত হতে পারে। সেরিব্রাল পোলজিতে আক্রান্ত ব্যক্তিদের যোগাযোগ, খাদ্য গ্রহণ, দৃষ্টি এবং শ্রবণের ক্ষেত্রে সমস্যা হতে পারে।

  *উৎস: ROSENBAUM, 2007

- সেরিব্রাল পোলজি প্রত্যেককে ভিন্নভাবে প্রভাবিত করে এবং এর জন্য উপযুক্ত এবং অব্যাহত স্বাস্থ্য এবং পুনর্বাসন সহায়তা প্রয়োজন।



# বিশ্বব্যাপী সেরিব্রাল পোলজির অবস্থা

- **ব্যাপকতা:** বিশ্বব্যাপী আনুমানিক 5 কোটি* মানুষ সেরিব্রাল পোলজিতে আক্রান্ত এবং আনুমানিক 35 কোটি বাবা-মা, পরিচর্যাকারী এবং পরিবারের সদস্যের উপর এর সরাসরি প্রভাব রয়েছে।

  *উৎস: CIEZA 2021

- **ব্যাপকতা:** নিম্ন ও মধ্য আয়ের দেশগুলোতে (LMIC) শিশু মৃত্যুহার হ্রাস পাওয়ার সাথে সাথে সেরিব্রাল পোলজি আক্রান্ত প্রতিবন্ধিত্ব সম্পন্ন শিশুদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে, যা স্বাস্থ্য, শিক্ষা এবং সামাজিক সহায়তা ব্যবস্থার উপর ক্রমবর্ধমান চাপ তৈরি করছে।

  *উৎস: SUMON 2024

- **সেবায় অ্যাক্সেস:** অনেক নিম্ন-আয়ের দেশে সেরিব্রাল পোলজি আক্রান্ত 80% এরও বেশি শিশু কোনো ধরনের পুনর্বাসন বা সেবার বাইরে রয়েছে। এটি একটি বৈশ্বিক ব্যর্থতা, যা লক্ষ্য লক্ষ শিশুকে চলাফেরা, শেখা বা উন্নতির সুযোগ থেকে বঞ্চিত করছে।

  *উৎস: AL IMAM 2021 , JAHAN 2021

- **শিক্ষা ক্ষেত্রে বঞ্চনা:** অনেক নিম্ন-আয়ের দেশে, সেরিব্রাল পোলজিতে আক্রান্ত দুই-তৃতীয়াংশেরও বেশি শিশু মূলধারার বা অন্য কোনো আনুষ্ঠানিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত থাকে।

  *উৎস: JAHAN 2021

- **লৈঙ্গিক সমতা এবং মাতৃস্বাস্থ্য**

  - প্রতিবন্ধী শিশুর পরিচর্যা করার বিষয়টি পরিবার, বিশেষ করে মায়েদের উপর নেতিবাচক প্রভাব ফেলে, যার ফলে স্বাস্থ্যের অবনতি, আয় হ্রাস এবং কর্মশক্তিতে অংশগ্রহণ হ্রাস পায়।

    *উৎস: TONMUKAYAKUL ET AL., 2018.

  - মা: মাতৃস্বাস্থ্য এবং প্রসবকালীন পরিচর্যার উন্নয়ন ঘটালে সেরিব্রাল পোলজি কিছু ক্ষেত্রে প্রতিরোধ করা যেতে পারে, অথচও লক্ষ লক্ষ নারী এখনও প্রয়োজনীয় সেবা থেকে বঞ্চিত।

    *উৎস: BADAWI ET AL., 2020.

- **সেবার ক্ষেত্রে বিলম্ব:** নিম্ন-সম্পদের পরিবেশে সিপি আক্রান্ত শিশুদের পুনর্বাসনের ক্ষেত্রে প্রায়শই তা সুপারিশকৃত সময়ের চেয়ে অনেক বিলম্বে শুরু হয়, যা ফলাফল এবং জীবনের মানকে ক্ষতিগ্রস্ত করে।

- **সুযোগের ক্ষেত্রে ঘাটতি:** বিশ্বব্যাপী সিপি আক্রান্ত শিশুরা সবচেয়ে মৌলিক সেবা - পুনর্বাসন, শিক্ষা এবং অন্তর্ভুক্তির ক্ষেত্রে সমান সুযোগ থেকে বঞ্চিত, যদিও স্পষ্ট প্রমাণ রয়েছে যে এগুলো ইতিবাচক ফলাফল প্রদান করে।


উগান্ডা


পোল্যান্ড



ভারত


কানাডা


ডোমিনিকান প্রজাতন্ত্র



ভিয়েতনাম


নেপাল

সহায়তার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন:
contact@worldcpday.org

সোশ্যালে আমাদের অনুসরণ করুন:
@worldcpday

# মৃত্যুহার



সেরিব্রাল পোলজি কোনো অবক্ষয়জনিত অবস্থা না হলেও সেরিব্রাল পোলজিতে আক্রান্ত কিছু মানুষের এমন কিছু রোগ এবং সংবেদনশীলতা থাকে যা তাদের স্বাস্থ্য এবং বেঁচে থাকার উপর প্রভাব ফেলতে পারে। HIC-তে তীব্র মোটর প্রতিবন্ধকতাযুক্ত শিশুদের মধ্যে সেরিব্রাল পোলজি এবং মৃত্যুর মধ্যে যোগসূত্র রয়েছে, বিশেষ করে শ্বাসযন্ত্রের কারণে। নিম্ন-মধ্য আয়ের দেশগুলোতে এর তীব্রতা বেশি, তাই এসব অঞ্চলে মৃত্যুহার বেশি।

সেরিব্রাল পোলজি নিম্ন ও মধ্য আয়ের দেশগুলোতে জীবন প্রত্যাশা হ্রাসের সঙ্গে যুক্ত, যার পিছনে কারণ হিসেবে রয়েছে প্রতিরোধযোগ্য বিষয়সমূহ — যেমন সংক্রমণ, অপুষ্টি এবং স্বাস্থ্যসেবার সীমিত প্রাপ্যতা।

সেরিব্রাল পোলজিতে আক্রান্ত ব্যক্তিদের জীবন প্রত্যাশা সাধারণ মানুষের তুলনায় কম, এবং বিশ্বব্যাপী মোটর তীব্রতা, বৌদ্ধিক অক্ষমতা, স্বাস্থ্যসেবায় অ্যাক্সেস এবং আর্থ-সামাজিক অবস্থার উপর ভিত্তি করে মৃত্যুর ঝুঁকি পরিবর্তিত হয়।

*উৎস: PETERSON 2022, STRAUSS 2007, BLAIR 2019

- উগান্ডায়, সেরিব্রাল পোলজিতে আক্রান্ত শিশুদের তাদের সমবয়সীদের তুলনায় 25 গুণ বেশি অকাল মৃত্যুর সম্ভাবনা থাকে - যা প্রায়শই হয় প্রতিরোধযোগ্য অপুষ্টি এবং সংক্রমণ থেকে।

  *উৎস: NAMAGANDA 2020

- উগান্ডায়, সেরিব্রাল পোলজিতে আক্রান্ত শিশুদের আনুমানিক অতিরিক্ত অকাল মৃত্যুহার সাধারণ শিশুদের তুলনায় প্রায় 25 গুণ বেশি, যা প্রধানত হয় প্রতিরোধযোগ্য অপুষ্টি এবং সংক্রমণ থেকে

  *উৎস: NAMAGANDA 2020

- উচ্চ আয়ের দেশগুলোতেও সিপি আক্রান্ত কিছু লোকের শ্বাসযন্ত্রের অসুস্থতা, সংক্রমণ এবং হৃদরোগজনিত সমস্যা থেকে অকাল মৃত্যুর ঝুঁকি উল্লেখযোগ্যভাবে বেশি।

  *উৎস: PETERSON 2022

- LMIC-তে অপুষ্টির কারণে তীব্র সিপি আক্রান্ত শিশুদের মৃত্যুর ঝুঁকি বেশি। বাংলাদেশে সিপি আক্রান্ত যেসব শিশু মারা গেছে, তাদের অর্ধেকেরই খাবার গিলতে সমস্যা ছিল।

  *উৎস: JAHAN 2019

# অর্থনৈতিক প্রভাব



- সেরিব্রাল পোলজি বিশ্বব্যাপী পরিবার এবং স্বাস্থ্য ব্যবস্থার উপর বিশাল অর্থনৈতিক বোঝা হয়ে দাঁড়ায় — মার্কিন যুক্তরাষ্ট্রে প্রত্যেক ব্যক্তির জন্য 16 লক্ষ মার্কিন ডলার পর্যন্ত খরচ হয়।
- নিম্ন ও মধ্য আয়ের দেশগুলোতে সেরিব্রাল পোলজির অর্থনৈতিক প্রভাব পরিবারগুলোকে আরও দারিদ্র্যের দিকে ঠেলে দিতে পারে।

  *উৎস: AL IMAM 2023, JAHAN 2025
- সেরিব্রাল পোলজি হলো সবচেয়ে ব্যয়বহুল স্বাস্থ্যগত অবস্থাগুলোর মধ্যে একটি, যা স্বাস্থ্য ব্যবস্থার উপর উল্লেখযোগ্য এবং অব্যাহত আর্থিক চাপ সৃষ্টি করে — যার ফলে প্রত্যেক ব্যক্তির জন্য আজীবন চিকিৎসা খরচ 16 লক্ষ মার্কিন ডলারেরও বেশি।

  *উৎস: AL IMAM 2023, JAHAN 2025, HENRY 2023, DELOITTE 2018, TONMUKAYAKUL 2018
- সিপি'র সম্পূর্ণ অর্থনৈতিক প্রভাব দেশ ভেদে ভিন্ন হয়, তবে সাধারণভাবে, এটি ব্যক্তি এবং স্বাস্থ্য ব্যবস্থা উভয়ের জন্যই অত্যন্ত ব্যয়বহুল এবং বোঝাস্বরূপ।

  *উৎস: TONMUKAYAKUL 2018
- অস্ট্রেলিয়ার ডেলয়েট-এ সিপি'র মোট খরচ 517 কোটি অস্ট্রেলিয়ান ডলার বা ব্যক্তি প্রতি 145,000 ডলার, যেখানে মার্কিন রোগ নিয়ন্ত্রণ কেন্দ্রের হিসাব অনুযায়ী সিপি আক্রান্ত ব্যক্তির জীবনকালের পরিচর্যা খরচ 16 লক্ষ মার্কিন ডলার।

  *উৎস: DELOITTE 2018
- কানাডায় সিপি আক্রান্ত শিশুর জন্য নির্ধারিত সরাসরি স্বাস্থ্যসেবা ব্যয় সাধারণ শিশুর তুলনায় 20 গুণ বেশি — সিপি আক্রান্ত শিশুর ক্ষেত্রে বার্ষিক প্রায় 11,700 ডলার, যেখানে সিপিবিহীন সাধারণ শিশুর জন্য তা প্রায় 600 ডলার।

  *উৎস: AMANKWAH 2020
- LMIC-তে পরিবার এবং কমিউনিটির উপর প্রায়শই বিপর্যয়কর প্রভাবের কথা উল্লেখ না করে সিপি'র সম্পূর্ণ প্রভাব বিবেচনা করা যায় না। প্রায়শই মায়েদেরকে কর্মজীবন ছেড়ে দিয়ে পূর্ণকালীন অবৈতনিক পরিচর্যার দায়িত্ব নিতে হয় এবং পরিবারের যা সামান্য আয় থাকে, তার বেশিরভাগই শিশুর চিকিৎসার পিছনে ব্যয় হয়ে যায়। একটি দুঃখজনক কিন্তু অবিশ্বাস্যভাবে সাধারণ গল্প হলো সিপি আক্রান্ত শিশুর পরিচর্যার চেষ্টা করার সময় পরিবারগুলো ঋণ এবং দারিদ্র্যের মধ্যে পড়তে বাধ্য হয়।

  *উৎস: JAHAN 2025

সহায়তার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন:
contact@worldcpday.org

সোশ্যালে আমাদের অনুসরণ করুন:
@worldcpday

# প্রারম্ভিক সেবা



- বিশ্বের নানা স্থানে বিভিন্ন উৎসাহব্যাঞ্জক নতুন কর্মসূচির আলোকে দেখা যায় যে, সেরিব্রাল পোলজি আরও আগে শনাক্ত করা সম্ভব।
- সেরিব্রাল পোলজি আক্রান্ত শিশুদের আগেভাগে শনাক্ত করা অত্যন্ত জরুরি, যাতে লক্ষ্যভিত্তিক প্রারম্ভিক সেবা দেওয়া যায়।
- প্রারম্ভিক সেবা শিশুর বিকাশের সম্ভাবনাকে সর্বাধিক করে তোলে।
- নিম্ন ও মধ্য আয়ের দেশগুলোতে সেরিব্রাল পোলজি শনাক্তকরণে প্রায়শই বিলম্ব হয় (প্রায় 5 বছর বয়সে)।.

  *উৎস: JAHAN 2021
- সেরিব্রাল পোলজির প্রারম্ভিক শনাক্তকরণ এবং রোগ নির্ণয়ের জন্য নির্দেশিকা বিদ্যমান*। বিশ্বজুড়ে এটি গ্রহণ এবং বাস্তবায়ন করা প্রয়োজন, তবে প্রতিটি দেশের প্রেক্ষাপট এবং পরিস্থিতির মধ্যে সমন্বয় করতে হবে,

  *উৎস: NOVAK 2017
- নিম্ন ও মধ্য আয়ের দেশগুলোসহ বিশ্বের নানা স্থানে বিভিন্ন উৎসাহব্যাঞ্জক নতুন কর্মসূচির আলোকে দেখা যায় যে, সেরিব্রাল পোলজি আরও আগে শনাক্ত করা সম্ভব

  *উৎস: KING 2022, AL IMAM 2021
- প্রারম্ভিক সেবা সংক্রান্ত নির্দেশনা সর্বোত্তম চিকিৎসা পদ্ধতি প্রচারে সহায়তা করে, এবং একটি নিম্ন ও মধ্য আয়ের দেশে গড়ে ওঠা একটি টেকসই মডেল বৈশ্বিকভাবে সম্প্রসারণের সম্ভাবনা দেখা যাচ্ছে।

  *উৎস: MORGAN 2021, AL IMAM 2025

# বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস

**অক্টোবর ৬**

**সহায়তার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন:**

contact@worldcpday.org

**Social**

@worldcpday